



বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান

BANGLADESH INSTITUTE OF DEVELOPMENT STUDIES

নং-২০.০৮.০০০০.২০০.১১.০০৩.২১. ২০৮


তারিখ: ১১ মার্চ, ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর স্থায়ী পদে সরাসরি নিয়োগের লক্ষ্য পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং বয়স	(জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)
১	প্রোগ্রামার	০১	পরিসংখ্যান/গণিত/অর্থনীতি/বাণিজ্যে সন্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী, প্রোগ্রামিং-এ কমপক্ষে দুই বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের জন্য ব্যাচেলার ডিগ্রী পর্যন্ত শিথিলযোগ্য। আইবিএম ডাটা প্রসেসিং স্ট্যাটিস্টিক্যাল অথবা একাউন্টিং, সিস্টেম প্লানিং, টেলিফোন ইত্যাদি বিষয়ে কমপক্ষে এক বৎসরের অভিজ্ঞতা। স্বাভাবিক প্রবণতা পরীক্ষায় একটি সন্তোষজনক গ্রেড (আইবিএম স্ট্যান্ডার্ড টাইপ) অর্জন। বয়সঃ অনূর্ধ্ব ৩৫ বৎসর, তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-৬: ৩৫৫০০-৬৭০১০/-এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।
২	সহকারী গ্রন্থাগারিক	০১	লাইব্রেরি সায়েন্সে সার্টিফিকেটসহ গ্রাজুয়েট। বয়স: অনূর্ধ্ব ৩০ বৎসর, তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-১২: ১১৩০০-২৭৩০০/ এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।
৩	লাইব্রেরি এ্যাটেনডেন্ট	০১	এইচ. এস. সি। লাইব্রেরিস্থ বইপত্র তাকে রাখা এবং সাজানো, পরিষ্কার পরিচ্ছন্নতায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। বয়স: অনূর্ধ্ব ৩০ বৎসর, তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-১৮: ৮৮০০-২১৩১০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।
৪	অফিস সহায়ক	০২	অষ্টম শ্রেণী পাস। বয়স: অনূর্ধ্ব ৩০ বছর, তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-২০: ৮২৫০-২০০১০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।

- ক) পরীক্ষায় পাশের প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ, পাশের সন উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (১১/০৩/২০২১ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স এবং যোগাযোগের জন্য মোবাইল নম্বর উল্লেখসহ) সম্বলিত আবেদনপত্র, সম্প্রতি তোলা ০৩ কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র, ও অন্যান্য অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপিসহ আগামী ১৫/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে **সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭ আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭** এই ঠিকানায় পৌঁছাতে হবে।
- খ) আবেদনপত্রের সাথে **“সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা”** শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, ঢাকা এর অনুকূলে ০১ নং পদের জন্য ৫০০/- এবং ০২ থেকে ০৪ নং পদের জন্য ৩০০/- টাকার পে-অর্ডার/ডিডি (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।
- গ) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ঘ) চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ঙ) আবেদনপত্র বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় ডাকা হবে।
- চ) খামের উপর বামপাশে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।
- ছ) বিআইডিএস একটি সমসুযোগ প্রদানকারী প্রতিষ্ঠান।
- জ) নির্দিষ্ট তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- ঝ) কোনো তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ঞ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র/নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


১১/০৩/২০২১
(সুবাস চন্দ্র সাহা)
সচিব (চলতি দায়িত্ব)